# সফটওয়্যারের কারুকাজ

## সহজে উইন্ডোজ ফাইল শেয়ারিং

স্টেপ বাই স্টেপ উইজার্ডের মাধ্যমে উইন্ডোজ ফাইল শেয়ারিং সেটআপ প্রসেসকে বেশ সহজ করা যায়। এই উইজার্ডকে চালু করার জন্য 'Shrpubw' টাইপ করুন উইন্ডোজ 'Run...' ডায়ালগ বক্সে এবং এন্টার চাপুন এটি এক্সিকিউ করার জন্য। Next-এ ক্লিক করে কাঙ্ক্ষিত পাথে 'Search' দিয়ে নেভিগেট করে ওপেন করুন। এরপর আবার Next ক্লিক করুন। এবার আপনি 'Share Name' এবং 'Description' পরিবর্তন করতে পারবেন। পরবর্তী ধাপে খুব তাড়াতাড়ি আপনার কাঙ্ক্ষিত পারমিশন যেমন 'All users have write protected access' নির্দিষ্ট করুন। পক্ষান্তরে স্বতন্ত্র আপত্তি জানাতে 'Edit Permissions' সিলেক্ট করে 'User defined'-এ ক্লিক করুন। এরপর কাঙ্ক্ষিত ডিটেইলড সেটিংস তৈরি করুন এবং Ok করে তা নিশ্চিত করুন। Complete-এ ক্লিক করার পর আপনার শেয়ারড ফোল্ডারের পারমিশন দেখতে পারবেন ডাবল চেক করার জন্য। শেয়ার রিমুভ করার জন্য ব্যবহার করুন ফোল্ডারের কনটেক্সট মেনু। এবার ব্যবহার করুন 'Sharing' অপশন এবং ডায়ালগ বক্সে দেখা যাওয়া অপশন ডিজ্যাবল করুন।

### গুরুত্বপূর্ণ উপাদান সম্পৃক্ত করতে এক্সপ্লোরার নেভিগেশন সম্প্রসারণ করা

উইন্ডোজ এক্সপ্লোরারের নেভিগেশন প্যান ব্যবহার করে বাইডিফল্ট বেশ কিছু গুরুত্বপূর্ণ ফোল্ডারে সরাসরি অ্যাক্সেস করা যায় না। তবে আপনি খুব তাড়াতাড়ি সরাসরি অ্যাক্সেস করতে পারবেন ডেস্কটপ এবং আপনার প্রোফাইল ফোল্ডারে সাধারণ টোয়েকের মাধ্যমে। এজন্য নেভিগেশন প্যানের যেকোনো খালি জায়গায় ডান ক্লিক করুন এবং 'Show all folders'-এ ক্লিক করুন। আবার স্বাভাবিক ভিউতে ফিরে আসতে চাইলে একই অপশন ডিসিলেক্ট করলেই হবে।

প্রথমে আপনি একটি ভিন্ন ফোল্ডার সেট দেখতে পারেন। যেহেতু Libraries এবং Network আর কখনও স্বতন্ত্র গ্রুপ তৈরি করবে না। তবে Desktop-এর অন্তর্গত থাকবে হায়ারআরকি অনুযায়ী। আপনি ইচ্ছে করলে সরাসরি বর্তমান ইউজার প্রোফাইলের অন্তর্গত ফোল্ডারে C:\users-এ যেমন যেতে পারবেন, তেমনি যেতে পারবেন Control Panel এবং Recycle Bin-এ। উভয় ভিউ চেষ্টা করে দেখুন এবং সিদ্ধান্ত নিন কোনটি আপনার জন্য সেরা।

**করিম সরকার**
*আবদুল্লাহপুর, মেহেরপুর*

## আবির্ভূত না হওয়া ইউএসবি মেমরি স্টিকের ট্রাবলশুট করা

পিসির ইউএসবি ড্রাইভে যখন ইউএসবি মেমরি স্টিক ঢুকানো হয়, তখন ইউএসবি স্টিক ব্লিঙ্ক করতে থাকে, যা এক স্বাভাবিক ব্যাপার এবং My Computer ফোল্ডারে আবির্ভূত হয় একটি রিমুভাল ড্রাইভ হিসেবে। তবে উইন্ডোজ রিপোর্ট দিয়ে যে ড্রাইভ ঢুকানো হয়নি এবং ড্রাইভ লেবেল বা অন্য কোনো ক্যারেক্টার অ্যাসাইন করা হয়নি। এমন অবস্থা বেশিরভাগ ক্ষেত্রে ঘটে থাকে ড্রাইভে করাপ্ট করা ফাইল সিস্টেম থাকলে। প্রথমে ভেরিফাই করে নিন ফাইল সিস্টেম মেমরি স্টিক রিড করতে পারে কি না। যদি আপনি নিশ্চিত হতে পারেন যে ইতোপূর্বে ড্রাইভ লিনআক্স বা অ্যাপল কমপিউটারে ব্যবহার হয়নি, তাহলে ধরে নিতে পারেন মেমরি স্টিকে পার্টিশন তৈরি করা হয়নি বা বিদ্যমান পার্টিশন নষ্ট হয়ে গেছে। আপনার কমপিউটার ইউএসবি স্টিককে রিমুভাল হার্ডডিস্ক হিসেবে বিবেচনা করে। সে ক্ষেত্রে আপনাকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে স্টিকের সব পার্টিশন যথাযথভাবে ফরম্যাট করা হয়েছে এবং পার্টিশন টেবল অক্ষত আছে।

এমন অবস্থায় উইন্ডোজ ডিস্ক ম্যানেজমেন্ট ইউটিলিটি ওপেন করুন। 'My Computer'-এ ডান ক্লিক করে 'Manage' সিলেক্ট করুন। এবার চেক করে দেখুন ইউএসবি স্টিক ফরম্যাট করা পার্টিশন হিসেবে কিংবা এক্সেসিবল ডিস্ক হিসেবে আবির্ভূত হয়েছে কি না। আপনি ভুল করে স্টিকের পার্টিশন টেবল ডিলিট করে ফেলতে পারেন অথবা পার্টিশন টেবল ড্যামেজ হয়ে যেতে পারে।

এ অবস্থায় ফ্ল্যাশ ড্রাইভের যেকোনো আনঅ্যালোকেটেড স্পেসে ডান ক্লিক করে 'New Partition' সিলেক্ট করুন স্টিকে পার্টিশন তৈরি করার জন্য। এবার স্টিকের যেকোনো ডাটা ডিলিট করা যাবে এবং উইজার্ড ডিস্ক ফরম্যাট করা শুরু করবে। যদি আপনার বিশেষ ধরনের রিকোয়ারমেন্ট থাকে, যেমন নির্দিষ্ট ক্লাস্টার সাইজ, তাহলে ড্রাইভ ম্যানুয়ালি ফরম্যাট করা যাবে।

***বলরাম বিশ্বাস***
পাঠানটুলি, নারায়ণগঞ্জ

## এক্সেলের কিছু টিপ

এক্সেল ব্যবহারকারীদের জন্য কিছু অ্যাডভান্স কীবোর্ড শর্টকাট রয়েছে, যা তাদের কাজের গতি অনেক বাড়াতে সহায়তা করবে। বস্তুত এখানে উল্লিখিত কীবোর্ড শর্টকাট কৌশলগুলো বেশিরভাগ এক্সেল ব্যবহারকারীর অজানা :

Ctrl + ; → আজকের দিন বসবে।

Ctrl + Shift + : → বর্তমান সময় বসবে।

Ctrl + Shift + # → ডেট ফরম্যাটের পরিবর্তন।

Ctrl + 5 → একটি সেলে টেক্সটে অ্যাপলের স্ট্রাইকথ্রো।

Ctrl + 0 → বর্তমান কলাম হাইড করবে।

Ctrl + 9 → বর্তমান সারি হাইড করবে।

Ctrl + F6 → ওপেন ওয়ার্কবুকের মধ্যে সুইচ করবে।

Ctrl + ' → শিটে সব ফর্মুলা প্রদর্শনের জন্য কম্বো টোগাল।

Ctrl + PageUp বা PagDown → বর্তমানে ওপেন ওয়ার্কবুকে শিটের মাঝে দ্রুতগতিতে শিফট করা।

F2 → বর্তমানে সিলেক্ট করা সেলে এডিট করা।

Shift + F10 → আপনি যে সেলে আছেন তার জন্য ডান ক্লিক মেনু ওপেন করা।

### কাঙ্ক্ষিত অবস্থানে পাই ডায়াগ্রাম রোটেড করা

পাই চার্টের স্ট্রাকচার নির্ভর করে পাই চার্ট স্টাইলের ওপর, যা আপনি সিলেক্ট করেছেন এবং রেন্ডার হয়েছে স্বয়ংক্রিয়ভাবে। ডাটা রিপ্রেজেন্ট হয় ক্লকওয়াইজ ডিরেকশনে। তবে যাই হোক, পাই চার্টের ডিরেকশন পরিবর্তন করা যায়। এ কাজটি করার জন্য পাই চার্টের ডাটা সিলেক্ট করে ডান ক্লিক করুন। এর ফলে একটি অপশন পাবেন Format Data Series শিরোনামে। এতে ক্লিক করে Series Option সিলেক্ট করুন। পাই চার্টের ডিরেকশন বদলানোর জন্য Agle of first slice বক্সে রোটেশন ডিগ্রি উল্লেখ করুন। আপনার উল্লিখিত রোটেশন ডিগ্রি অনুযায়ী এক্সেল পাই চার্টকে রোটেড করবে।

### রিসাইকেল বিন এড়িয়ে যাওয়া

উইন্ডোজ রিসাইকেল বিন চমৎকার কাজ করে রক্ষা কবচ হিসেবে বিশেষ করে দুর্ঘটনাক্রমে ফাইল ডিলিট হয়ে যায় তখন। কেননা ডিলিট করলে উইন্ডোজ ফাইলকে স্থায়ীভাবে মুছে না ফেলে রিসাইকেল বিনে রেখে দেয় যাতে প্রয়োজনে তা আবার ফিরিয়ে আনা যায়। তবে আপনি যদি বুঝতে পারেন ফাইলকে স্থায়ীভাবে ডিলিট করলে কোনো ক্ষতি হবে না, তাহলে রিসাইকেল বিনকে এড়িয়ে যেতে পারেন। এজন্য কোনো ফাইল মুছার জন্য উবষ কী না চেপে Shift+Del চেপে আবার Shift+Enter চাপুন নিশ্চিত করার জন্য।

***গিয়াস উদ্দিন***
দক্ষিণ মুগদা, ঢাকা

## কারুকাজ বিভাগে লিখুন

*কারুকাজ বিভাগের জন্য প্রোগ্রাম ও সফটওয়্যার টিপস বা টুকিটাকি লিখে পাঠান। লেখা এক কলামের মধ্যে হলে ভালো হয়। সফট কপিসহ প্রোগ্রামের সোর্স কোডের হার্ড কপি প্রতি মাসের ২০ তারিখের মধ্যে পাঠাতে হবে।*

*সেরা ৩টি প্রোগ্রাম/টিপসের লেখককে যথাক্রমে ১,০০০, ৮৫০ ও ৭০০ টাকা পুরস্কার দেয়া হয়। সেরা ৩ টিপ্‌স ছাড়াও মানসম্মত প্রোগ্রাম/টিপস ছাপা হলে তার জন্য প্রচলিত হারে সম্মানী দেয়া হয়। প্রোগ্রাম/টিপসের লেখকদের নাম কমপিউটার জগৎ-এর বিসিএস কমপিউটার সিটি অফিস থেকেও জানা যাবে। পুরস্কার কমপিউটার জগৎ-এর বিসিএস কমপিউটার সিটি অফিস থেকে সংগ্রহ করতে হবে। সংগ্রহের সময় অবশ্যই পরিচয়পত্র দেখাতে হবে এবং পুরস্কার চলতি মাসের ৩০ তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে।*

*এ সংখ্যায় প্রোগ্রাম/টিপসের জন্য প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় হয়েছেন যথাক্রমে–* ***করিম সরকার, বলরাম বিশ্বাস ও গিয়াস উদ্দিন।***